গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৩ উপলক্ষে ট্রেন পরিচালনা সংক্রান্ত অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: নূরুল ইসলাম সুজন, এমপি<br>মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৪ মে ২০২৩ |
| সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | সভাকক্ষ যমুনা ( কক্ষ নং- ৮২৫), রেলভবন, ঢাকা। |

**সভার উপস্থিতি:** সভায় রেলপথ মন্ত্রণালয়ের সচিব, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব(সকল), যুগ্মসচিব (সকল), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/ আরএস/অর্থ), বাংলাদেশ রেলওয়ের মহাব্যবস্থাপক (পশ্চিম/পূর্ব), রেলওয়ে পুলিশের অতিরিক্ত ডিআইজি, বাংলাদেশ পুলিশের অতিরিক্ত ডিআইজি, ডিএমপি এর ডিসি (অপারেশন্‌স), র‍্যাব-৩ এর অতিরিক্ত পুলিশ সুপার, রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৬), জননিরাপত্তা বিভাগের উপসচিব, পরিচালক ট্রাফিক(বাণিজ্যিক), ডিআরএম(ঢাকা/চট্টগ্রাম/লালমনিরহাট/পাকশী), চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম) এবং রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণসহ সহজ সিনেসিস ভিনসেন জেভি এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখা যেতে পারে।

২। **সভার প্রারম্ভিক আলোচনা:**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, গত ঈদ-উল-ফিতরে সফলভাবে যাত্রীদের রেল সেবা দেয়া সম্ভব হয়েছে। ১০০% অনলাইন টিকিট বিক্রয় কার্যক্রম সকল মহলে প্রশংসিত হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষাকারি বাহনীসহ বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারিদের সহযোগিতায় এ সফলতা পাওয়া গিয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে এজন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, এ অর্জনকে ধরে রাখতে হবে। ব্রডগেজ ও মিটারগেজের নতুন কোচ আসছে। এসব কোচ দিয়ে বিভিন্ন রুটে নতুন ট্রেন পরিচালনা করা হবে। আসন্ন ঈদ-উল-আযহায় যাত্রীদের সুবিধার্থে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলে পৃথক সময়ে টিকিট বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। অত:পর তিনি যুগ্মসচিব (প্রশাসন-২)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রমসমূহ উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২.২ যুগ্মসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয় সভায় সভার আলোচ্যসূচি আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে অগ্রিম টিকিট বিক্রয় ও ব্যবস্থাপনা, আইন-শৃঙ্খলা পরিস্থিতি, ট্রেনের সিডিউল, কোচ সংযোজন, বিশেষ ট্রেন পরিচালনা ইত্যাদি কার্যক্রমসমূহ সভায় বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

২.৩। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে জানান, প্রতি বছরের ন্যায় এবারও পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে বাংলাদেশ রেলওয়ে হতে অনলাইনে অগ্রিম টিকিট বিক্রয় করা হবে। টিকিট বিক্রয়ের বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হবে। আন্ত:নগর ট্রেনে নিকটবর্তী স্টেশনে স্ট্যান্ডিং টিকিট ইস্যু করা হবে না। আন্ত:নগর ট্রেনে প্রতিদিন ২৯০০০ টিকিট বিক্রয় করা হবে।

২.৪। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক), বাংলাদেশ রেলওয়ে জানান নতুন ৮০টি কোচের মধ্যে ৪৪টির কমিশনিং হয়েছে।

২.৫। অতিরিক্ত ডিআইজি, রেলওয়ে পুলিশ বলেন, গত ঈদে সবাই আন্তরিকভাবে চেষ্টা করেছে যার কারণে মাননীয় মন্ত্রীর নেতৃত্বে সুষ্ঠুভাবে কাজগুলো সমাধান করতে পেরেছি। ক্যান্টনমেন্ট স্টেশন থেকে স্পেশাল ট্রেন ছাড়া হলে ভাল হবে। তবে সেখানে ফেন্সিং করা প্রয়োজন। যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে এ গুলো বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২.৬। সহজ সিনেসিস ভিনসেন জেভি এর প্রতিনিধি জানান ঈদের সময় টিকিট রিফান্ডের ব্যবস্থা করলে যিনি টিকিট রিফান্ড করেছেন তার কাছে টিকিটের কপি থেকে যায় এবং তিনি তা দিয়ে ভ্রমণের চেষ্টা করতে পারেন। এছাড়াও আগামী ১ সপ্তাহের মধ্যে ৫০টি এবং ঈদ-উল-আযহার পূর্বে আরও ৫০টি মোট ১০০টি POS মেশিন সরবরাহ করা হবে মর্মে সভাকে অভিমত ব্যক্ত করেন।

২.৭। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৩ উপলক্ষে নিরাপদ, স্বাচ্ছন্দ্যে ও আরামদায়ক ট্রেন ভ্রমণ নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে হতে সর্বাত্তক প্রচেষ্টা গ্রহণের উদ্যোগ নেয়ার বিষয়টি সভায় উল্লেখ করেন। তিনি বলেন ঈদ উপলক্ষে কোচের সংখ্যা বৃদ্ধি এবং আইন-শৃঙ্খলা বিষয়ে জিআরপি, র‍্যাব, ডিএমপি ও আরএনবি সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান।

২.৮। সচিব, রেলপথ মন্ত্রণালয় বলেন গত ঈদ-উল-ফিতরের ন্যায় আসন্ন ঈদ- উল-আযহাতেও সকলে একসাথে মাঠ পর্যায়ে কাজ করে নিরাপদে যাত্রী পরিবহন ও সেবার সর্বোচ্চ মান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি রেলওয়ে পুলিশ ও রেলওয়ে নিরাপত্তা বাহিনীকে তাদের দায়িত্ব যথাযথভাবে পালনের আহবান জানান। তিনি বলেন ঈদ-উল -আযহা ২০২৩ উপলক্ষে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের সাথে ঢাকা রেলওয়ে স্টেশনে একটি সভা করা হবে মর্মে উল্লেখ করেন।

২.৯। রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা হতে আগত ঊর্ধ্বতন কর্মকর্তাগণ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৩ উপলক্ষে অগ্রিম টিকিট বিক্রয়, টিকিট কালোবাজারি রোধ, যাত্রীদের নিরাপদ চলাচল, আইন শৃঙ্খলা রক্ষা, স্বাভাবিক ও বিশেষ ট্রেন সার্ভিস পরিচালনা করার বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন।

৩। **সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| ৩.১ | **১০০% টিকিট অনলাইনে বিক্রয় :**<br>ঈদের সময় টিকিট ঘরে বসেই টিকিট প্রাপ্তির লক্ষ্যে ১৪ জুন ২০২৩ হতে ১০০% টিকিট অনলাইনে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক ব্যাংলাদেশ রেলওয়ে;<br><br>অতি: মহাপরিচালক (অপারেশন);<br>ও<br>লিড পার্টনার, সহজ সিনেসিস ভিনসেন জেভি |
| ৩.২ | **অগ্রিম টিকিট বিক্রয় ও ব্যবস্থাপনা :**<br>(ক) ঈদ অগ্রিম ও ফেরত যাত্রার টিকিট নিম্নলিখিত সূচি অনুযায়ী যাত্রার তারিখ ২৪ জুন, ২০২৩ হতে ০৬ জুলাই, ২০২৩ পর্যন্ত সকল টিকিট শুধুমাত্র অনলাইনের মাধ্যমে বিক্রয় করা হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br><br>অতি: মহাপরিচালক (অপারেশন);<br>ও<br>লিড পার্টনার, সহজ সিনেসিস ভিনসেন জেভি |

| টিকিট ইস্যুর তারিখ | যাত্রার তারিখ |
|---|---|
| ১৪/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ২৪/০৬/২০২৩ |
| ১৫/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ২৫/০৬/২০২৩ |
| ১৬/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ২৬/০৬/২০২৩ |
| ১৭/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ২৭/০৬/২০২৩ |

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|

| | |
|---|---|
| ১৮/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ২৮/০৬/২০২৩ |

**(খ) জিলহজ্জ মাসের চাঁদ দেখার ওপর নির্ভর করে ২৯ ও ৩০ জুন এবং ০১ জুলাই/ ২০২৩ তারিখের টিকিট বিক্রয় করা হবে।**

**(গ) আসন সংখ্যা :**

ঢাকা হতে বহির্গামী ট্রেনের মোট আসন সংখ্যা হবে (প্রায়)২৯০০০ টি যা শতভাগ অনলাইনে বিক্রয় করা হবে।

**(ঘ) আন্তঃনগর ট্রেনের সাপ্তাহিক অফ-ডে প্রত্যাহার :**

২৪ জুন, ২০২৩ তারিখ থেকে ঈদের পূর্ব দিন পর্যন্ত সকল আন্তঃনগর ট্রেনের সাপ্তাহিক অফ-ডে প্রত্যাহার করা হবে। ঈদের পরে যথারীতি সাপ্তাহিক অফ-ডে কার্যকর থাকবে।

**(ঙ) ঈদের ফেরত যাত্রার টিকিট নিম্নলিখিত সূচি অনুযায়ী ইস্যু করা হবে:**

| টিকিট ইস্যুর তারিখ | যাত্রার তারিখ |
|---|---|
| ২২/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ০২/০৭/২০২৩ |
| ২৩/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ০৩/০৭/২০২৩ |
| ২৪/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ০৪/০৭/২০২৩ |
| ২৫/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ০৫/০৭/২০২৩ |
| ২৬/০৬/২০২৩<br>**পশ্চিমাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **সকাল ০৮:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে।<br>**পূর্বাঞ্চলের** সকল আন্তঃনগর ট্রেনের টিকিট **দুপুর ১২:০০ ঘটিকা** হতে ইস্যু করা হবে। | ০৬/০৭/২০২৩ |

**(চ) অগ্রিম টিকিট ও ফেরত টিকিট :**

একজন যাত্রী ঈদ অগ্রিম টিকিট ও ফেরত যাত্রার টিকিট উভয় ক্ষেত্রে সর্বোচ্চ একবার এবং প্রতি ক্ষেত্রে সর্বোচ্চ ৪টি টিকেট ক্রয় করতে পারবেন। একজন নিবন্ধনকৃত যাত্রী সর্বোচ্চ ০৪ (চার) টি টিকিট ক্রয়ের ক্ষেত্রে সহযাত্রীদের নাম ও এনআইডি/জন্মনিবন্ধন নম্বর ইনপুট দেওয়ার ব্যবস্থা থাকবে।

**(ছ) টিকিট রিফান্ড বিষয়ক:**

ঈদ অগ্রিম ও ফেরত যাত্রার টিকিট রিফান্ড করা যাবে না।

**(জ) সংরক্ষিত টিকিট:**

রেলওয়ের কর্মকর্তা/কর্মচারী ও বিশেষ শ্রেণীর (প্রতিবন্ধী ও সশস্ত্র বাহিনীসহ অন্যান্য বাহিনীর জন্য) সংরক্ষিত টিকিট স্টেশনের নির্ধারিত কাউন্টার হতে ইস্যু করা হবে।

**(ঝ) আন্তঃজোনাল টিকিট ইস্যু:**

টিকিটধারী যাত্রীদের ভ্রমণের সুবিধার্থে ঈদের পূর্বে ০৫(পাঁচ) দিন জয়দেবপুর স্টেশন হতে ঢাকামুখী আন্তঃজোনাল আন্তঃনগর ট্রেনে কোন টিকিট ইস্যু করা হবে না এবং ঢাকা- বিমান বন্দর- ঢাকা রুটে কোনো টিকিট ইস্যু বিমানবন্দর স্টেশন ও ঢাকা স্টেশন হতে করা হবে না।

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| ৩.৩ | **আইন-শৃঙ্খলা রক্ষা বিষয়ক :** | |
| | (ক) যাত্রীগণের স্বাচ্ছন্দে চলাচলের লক্ষ্যে রেলওয়ে স্টেশন এবং স্টেশনসংলগ্ন এলাকার নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ, টিকিট কালোবাজারি, নাশকতা ও অন্যান্য অপরাধসমূহ, যেমন-মলম পার্টি, পকেটমার, ছিনতাই প্রভৃতি প্রতিরোধের নিমিত্ত র‍্যাব, পুলিশ এর পক্ষ হতে ঢাকা স্টেশন, ঢাকা বিমানবন্দর, জয়দেবপুর, সিলেট, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও দিনাজপুরসহ | মহা-পুলিশ পরিদর্শক বাংলাদেশ পুলিশ; |

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| | অন্যান্য বড় বড় স্টেশনে টহল জোরদার করা হবে। রেলওয়ের নিরাপত্তা বাহিনী, পুলিশ ও র‍্যাব কর্তৃক পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে রেলস্টেশনসহ গুরুত্বপূর্ণ রেলওয়ে স্থাপনাসমূহে টহল জোরদার করতে হবে;<br>(খ) চলন্ত ট্রেনে, স্টেশনে বা রেল লাইনে কোথাও যাতে কোন নাশকতামূলক কর্মকান্ড ঘটতে না পারে সে বিষয়ে নজরদারি জোরদার করতে হবে;<br>(গ) স্টেশন প্লাটফর্ম, স্টেশন এ্যাপ্রোচে ও চলন্ত ট্রেনে ছিনতাইকারি, মলমপাটি ও দুর্বৃত্তদের কবলে পড়ে যাত্রী সাধারণ যেন হয়রানির শিকার না হয়, সে দিকে সতর্ক দৃষ্টি রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং<br>(ঘ) ঈদে আইন-শৃংখলা ও নাশকতা রোধে সমন্বিত টাস্কফোর্স কাজ করবে। | মহাপরিচালক র‍্যাব ফোর্সেস,<br>অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ;<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ;<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে;<br>পুলিশ সুপার, সংশ্লিষ্ট রেলওয়ে জেলা; এবং<br>চিফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম) আরএনবি। |
| ৩.৪ | **ট্রেনের সময়ানুবর্তিতা বজায় রাখা ও সিডিউল বিপর্যয় নিরসনে গৃহীত কর্মপরিকল্পনাঃ**<br>**জরুরি মনিটরিং ও কন্ট্রোল সেল গঠনঃ**<br>● নিরাপদ ও সুষ্ঠুভাবে ট্রেন পরিচালনা নিশ্চিত করে যাত্রী সেবা প্রদানের ক্ষেত্রে সময়ানুবর্তিতা রক্ষার জন্য ডিভিশনাল ও জোনাল কন্ট্রোলে পৃথক পৃথক মনিটরিং সেল গঠন করে কর্মকর্তাদের ইমার্জেন্সি ডিউটি প্রদান করা হবে।<br>● সময়ানুবর্তিতা রক্ষায় বিভিন্ন গুরুত্বপূর্ণ এবং জংশন স্টেশন ও সিগনাল কেবিনে কর্মকর্তা ও পরিদর্শকগণের তদারকির মাধ্যমে ট্রেন অপারেশন পরিচালনা করা হবে।<br>**দুর্ঘটনা প্রতিরোধঃ**<br>● দুর্ঘটনা প্রতিরোধ ও ট্রেন সিডিউল অক্ষুন্ন রাখার স্বার্থে রেলপথ পেট্রোলিং এর ব্যবস্থা করা হবে। রেল ব্রিজসমূহের নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে। সিগনালিং ব্যবস্থা, কোচ এবং ইঞ্জিনের নিবিড় পরিচর্যা ও পরীক্ষা সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>● যে কোন জরুরি প্রয়োজনে নিয়োজিত করতে রিলিফ ট্রেনসমূহ স্ব-স্ব অবস্থানে প্রস্তুত রাখা হবে।<br>**ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশন হতে ট্রেন পরিচালনাঃ**<br>ঢাকা রেলওয়ে স্টেশনের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে পবিত্র ঈদ-উল-আযহায় ঢাকা ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন হতে ২ জোড়া ট্রেন যেমনঃ ঈদ স্পেশাল-১ ও ২ ঢাকা ক্যান্টনমেন্ট-বী.মু.সি.ই(পঞ্চগড়)-ঢাকা ক্যান্টনমেন্ট ও ঈদ স্পেশাল-৩ ও ৪ ট্রেন (ঢাকা ক্যান্টনমেন্ট-লালমনিরহাট-ঢাকা ক্যান্টনমেন্ট) ট্রেন পরিচালনা করা হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>মহাপরিচালক বিজিবি;<br>মহাপরিচালক, র‍্যাব ফোর্সেস; ও<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)। |
| ৩.৫ | **বিশেষ ট্রেন পরিচালনাঃ**<br>আসন্ন ঈদ-উল-আযহা/২০২৩ উপলক্ষে ঘরমুখো যাত্রীদের ভ্রমণের সুবিধার্থে ০৮ জোড়া বিশেষ ট্রেন পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ট্রেনগুলো হলো- | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/ আরএস),<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) বাংলাদেশ |

| | | | |
|---|---|---|---|
| ০১ | চাঁদপুর ঈদ স্পেশাল-১ ও ৩ | চট্টগ্রাম-চাঁদপুর | ঈদ স্পেশাল-১, ২, ৩, ৪, ৫ ও ৬নং ট্রেন আগামী ২৬/০৬/২০২৩ তারিখ হতে ঈদের পূর্ব দিন এবং ঈদের পরের দিন হতে পরবর্তী ৫ দিন চালানো হবে। |
| ০২ | চাঁদপুর ঈদ স্পেশাল-২ ও ৪ | চাঁদপুর-চট্টগ্রাম | |
| ০৩ | দেওয়ানগঞ্জ ঈদ স্পেশাল-৫ | ঢাকা-দেওয়ানগঞ্জ | |
| | দেওয়ানগঞ্জ ঈদ স্পেশাল-৬ | দেওয়ানগঞ্জ-ঢাকা | |
| | ময়মনসিংহ ঈদ স্পেশাল-৭ | চট্টগ্রাম-ময়মনসিংহ | ঈদ স্পেশাল ৭ ও ৮ ওয়ার্কসপ স্পেশাল |

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০৪ | ময়মনসিংহ ঈদ স্পেশাল-৮ | ময়মনসিংহ-চট্টগ্রাম | ট্রেনের সিডিউল অনুযায়ী ঈদের আগে ও পরে চালানো হবে। |
| ০৫ | ঈদ স্পেশাল-৯ | ভৈরববাজার-কিশোরগঞ্জ | শোলাকিয়া ঈদ স্পেশাল-৯, ১০,১১ ও ১২নং ট্রেন শুধুমাত্র ঈদের দিন (২৯/০৬/২০২৩খ্রিঃ) ৭৫/৭৬ এবং ২৭১/২৭২ ট্রেনের রেক দ্বারা চালানো হবে। |
| | ঈদ স্পেশাল-১০ | কিশোরগঞ্জ-ভৈরববাজার | |
| ০৬ | শোলাকিয়া ঈদ স্পেশাল-১১ | ময়মনসিংহ-কিশোরগঞ্জ | |
| | শোলাকিয়া ঈদ স্পেশাল-১২ | কিশোরগঞ্জ-ময়মনসিংহ | |
| ০৭ | ঈদ স্পেশাল-১ | ঢাকা ক্যান্টনমেন্ট-বী.মু.সি.ই (পঞ্চগড়) | ২৫-২৮ জুন, ২০২৩ তারিখ ০৪ (চার) দিন এবং ঈদের পরে ৩০ জুন হতে ০৪ জুলাই, ২০২৩ তারিখ ০৫ (পাঁচ) দিন চলাচল করবে। উল্লেখ্য ঢাকা-চিলাহাটি-ঢাকা রুটে নতুন ট্রেনের ২৪ জুন, ২০২৩ হতে ঈদের পূর্বদিন পর্যন্ত ঢাকা বিমানবন্দর স্টেশনে উভয় পথে যাত্রা বিরতি থাকবে না। |
| | ঈদ স্পেশাল-২ | বী.মু.সি.ই (পঞ্চগড়)-ঢাকা ক্যান্টনমেন্ট | |
| ০৮ | ঈদ স্পেশাল-৩ | ঢাকা ক্যান্টনমেন্ট-লালমনিরহাট | |
| | ঈদ স্পেশাল-৪ | লালমনিরহাট-ঢাকা ক্যান্টনমেন্ট | |

** পবিত্র ঈদ-উল-আযহার পূর্বেই ঢাকা-চিলাহাটি-ঢাকা রুটে নতুন এক জোড়া আন্তঃনগর ট্রেন পরিচালনা করা হবে।*

বাস্তবায়ন দায়িত্ব: রেলওয়ে, ডিআরএম (সকল) এবং লিড পার্টনার, সহজ সিনেসিস ভিনসেন জেভি

**৩.৬ যাত্রী সচেতনতা বৃদ্ধি ও প্রচার মাধ্যমে ব্যাপক প্রচারণার ব্যবস্থা:**

(ক) ১০০% অনলাইনে টিকিট বিক্রির বিষয়টি প্রিন্ট, ইলেক্ট্রনিক মিডিয়া এবং টিভিসি বিজ্ঞাপন, ফেইসবুক ইত্যাদির মাধ্যমে ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) নিরাপদ রেল ভ্রমণে যাত্রীদের করণীয় বিষয়ে সচেতন করার জন্য পাবলিক এ্যাড্রেস (পিএ) সিস্টেমের মাধ্যমে ঘন ঘন প্রচারের ব্যবস্থা করতে হবে। অপরিচিত ব্যক্তির নিকট থেকে কোন খাদ্য দ্রব্য গ্রহণ না করার বা লাগেজ কোথায়ও গচ্ছিত না রাখার বিষয়েও প্রচার করতে হবে;

(গ) ঈদ উপলক্ষে ট্রেনের সিডিউল, ট্রেনের অবস্থান, কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর'সহ জরুরি বিষয়াদি বিজ্ঞাপনের মাধ্যেমে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার করতে হবে; এবং

(ঘ) কোন মিডিয়ায় ভুল তথ্য প্রচার করা হলে বাংলাদেশ রেলওয়ের পক্ষ থেকে সঠিক তথ্য প্রচারের ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়ন দায়িত্ব: মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ; অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন); মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), ডিআরএম (সকল); ও লিড পার্টনার, সহজ সিনেসিস ভিনসেন জেভি

**৩.৭ লোকোমোটিভ ও কোচ সংযোজন:**

(ক) **লোকোমোটিভ এর সংখ্যা:**
ঈদ উপলক্ষে অতিরিক্ত চাহিদা মেটানোর জন্য মোট ২১৮ টি (পূর্বাঞ্চল ১১৬ টি ও পশ্চিমাঞ্চলে ১০২ টি) লোকোমোটিভ যাত্রীবাহী ট্রেনে ব্যবহারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) **অতিরিক্ত কোচ সরবরাহ :**
ঈদ উপলক্ষে অতিরিক্ত যাত্রী চাহিদা পূরণের জন্য (পাহাড়তলী ওয়ার্কশপ থেকে ৪০ টি এমজি ও সৈয়দপুর ওয়ার্কশপ থেকে ২৫ টি বিজি কোচসহ) সর্বমোট ৬৫ টি কোচ যাত্রীবাহী সার্ভিসে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

বাস্তবায়ন দায়িত্ব: মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, অতিরিক্ত মহাপরিচালক, (অপারেশন/আরএস)

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| | | |
| ৩.৮ | **স্ট্যান্ডিং টিকিট ব্যবস্থাপনা:**<br>ঈদে ঘরমুখো যাত্রীদের সুবিধার্থে ঈদ অগ্রিম ও ফেরত যাত্রায় আন্তঃনগর ট্রেনের সকল আসন বিক্রয় শেষে যাত্রী সাধারণের সুবিধার্থে ট্রেনে বরাদ্দকৃত শোভন শ্রেণীর (নন এসি) মোট আসনের ২৫ শতাংশ আসনবিহীন টিকিট যাত্রার দিন কাউন্টার হতে বিক্রয় করা হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে, অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)<br><br>লিড পার্টনার , সহজ সিনেসিস ভিনসেন জেভি |
| ৩.৯ | **ছাদে উঠা সম্পূর্ণ বন্ধ করণ :**<br>ট্রেনের ছাদে উঠা সম্পূর্ণভাবে বন্ধে ব্যাপক প্রচারণা, পিএ (পাবলিক এ্যাড্রেস) সিস্টেমের মাধ্যমে বিষয়টি যাত্রীগণকে অবহিতকরণসহ আইন-শৃঙ্খলা বাহিনীগণ এ ব্যাপারে জিরো টলারেন্স ব্যবস্থা গ্রহণ করবেন । | ডিএমপি<br>জিআরপি<br>র‍্যাব<br>বিজিবি<br>আরএনবি |
| ৩.১০ | **NID কার্ড বহণ :**<br>সকল যাত্রী সাধারণকে NID কার্ড বহন করতে হবে। তবে মোবাইলে NID এর pdf কপি দেখাতে পারলে তা গ্রহণযোগ্য হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) |
| ৩.১১ | **বিনা টিকিটের যাত্রী প্রতিরোধ:**<br>ঢাকা, বিমানবন্দর, জয়দেবপুর, চট্টগ্রাম, ময়মনসিংহ, সিলেট, রাজশাহী, খুলনা ও সকল গন্তব্য স্টেশনসহ সকল বড় বড় স্টেশনে জিআরপি, আরএনবি, বিজিবি ও স্থানীয় পুলিশ এবং র‍্যাব এর সহযোগিতায় টিকিটবিহীন যাত্রী স্টেশনে প্রবেশের প্রতিরোধে সার্বক্ষণিক প্রহরার ব্যবস্থা করা হবে। তাছাড়া জেলা প্রশাসকদের সহায়তায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br><br>ডিএমপি<br>জিআরপি<br>র‍্যাব<br>আরএনবি |
| ৩.১২ | **POS মেশিন এর RAM আপগ্রেড ও সরবরাহ সংক্রান্ত :**<br>বর্তমানে ১০০টি POS মেশিন চালু রয়েছে, যার RAM আপগ্রেড করে গতি বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাংলাদেশ রেলওয়ে ও সহজ সিনেসিস ভিনসেন জেভি এর সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী আরও ১০০টি POS মেশিন পবিত্র ঈদ-উল-আযহার পূর্বেই সরবরাহেব ব্যবস্থা গ্রহণ করতে হবে। POS মেশিন এর RAM বাড়াতে হবে। | লিড পার্টনার , সহজ সিনেসিস ভিনসেন জেভি |
| ৩.১৩ | **বিবিধ:**<br>(ক) ট্রেনের বাতি, ফ্যান, টয়লেটে পানি ও পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। এছাড়া প্লাটফরম, ওয়েটিং রুম পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে;<br>(খ) অননুমোদিত স্থানে যাতে ট্রেন না থামে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এক শ্রেণির যাত্রী অন্য শ্রেণির কম্পার্টমেন্টে উঠে যাতে আসন গ্রহণকারি যাত্রিদের অসুবিধা না করে সে বিষয়টি নিশ্চিত করতে হবে;<br>(গ) রেলওয়ের কর্মকর্তা/কর্মচারী ও বিশেষ শ্রেণীর (প্রতিবন্ধী ও সশস্ত্র বাহিনীসহ অন্যান্য বাহিনীর জন্য) সংরক্ষিত টিকিট স্টেশনের নির্ধারিত কাউন্টার হতে ইস্যু করা হবে।<br>(ঘ) আন্তঃদেশিয় মিতালী ও মৈত্রী এক্সপ্রেস ট্রেন ২৩ জুন-০৩ জুলাই, ২০২৩ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। আন্তঃদেশিয় বন্ধন এক্সপ্রেস ট্রেন শুধুমাত্র ২৯ জুন, ২০২৩ তারিখ বন্ধ থাকবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br><br>অতিরিক্ত মহাপরিচালক , (অপারেশন/ আরএস);<br><br>মহাব্যবস্থাপক (পূর্ব/ পশ্চিম); |

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
| --- | --- | --- |
| | (ঙ) ঈদ-উল-আযহার দিন বিশেষ ব্যবস্থাপনায় কতিপয় মেইল এক্সপ্রেস ট্রেন চলাচলের ব্যবস্থা করা হবে। তবে কোন আন্তঃনগর ট্রেন চলাচল করবে না।<br>(চ) পবিত্র ঈদ-উল-আযহার পূর্বে ২৬/০৬/২৩ তারিখ রাত ০০:০০ ঘটিকার পর হতে ঈদের দিন ২৯/৬/২৩ তারিখ ১৮:০০ ঘটিকা পর্যন্ত কনটেইনার ও জ্বালানী তেলবাহী ট্রেন ব্যতিত অন্যান্য সকল গুডস ট্রেন চলাচল বন্ধ রাখা হবে।<br>(ছ) ঈদ যাত্রা শুরুর দিন ২৪ জুন, ২০২৩ হতে ঈদের পূর্বদিন পর্যন্ত ঢাকাগামী একতা, দ্রুতযান, পঞ্চগড়, নীলসাগর, কুড়িগ্রাম, লালমনি, রংপুর এক্সপ্রেস ট্রেনসমূহের ঢাকা বিমানবন্দর স্টেশনে যাত্রা বিরতি থাকবে না।<br>(জ) পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঈদের ১০(দশ) দিন পূর্বে এবং ঈদের পরে ১০(দশ) দিন পর্যন্ত ট্রেনে সেলুনকার সংযোজন করা হবে না। | ডিআরএম (সকল); চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), উপ প্রধান তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয় ও লিড পার্টনার, সহজ সিনেসিস ভিনসেন জেভি |

(মো: নূরুল ইসলাম সুজন, এমপি)
মন্ত্রী

নং- ৫৪.০০.০০০০.০৪১.১৮.০৪১.১৬ (অংশ-১)-৫০

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০
৩১ মে ২০২৩

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ৬, ফিনিক্স রোড, ফুলবাড়ীয়া, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার, পুরাতন কার্গো এডমিন বিল্ডিং, কুর্মিটোলা, ঢাকা।
৫. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা।
৬. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৮. অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, হাউজ নং ১২/সি, রোড নং১০৫, গুলশান-২, ঢাকা।
৯. অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১০. যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী
১২. সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, কমলাপুর, ঢাকা।
১৩. সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা ( কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. প্রধান যান্ত্রিক প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
১৮. সিওপিএস/সিসিএম (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
১৯. ডিআরএম (ঢাকা/চট্টগ্রাম/পাকশী/লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।
২০. পুলিশ সুপার, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা/ চটগ্রাম/ সৈয়দপুর।
২১. চীফ কম্যান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
২২. জনাব মালিহা এম. কাদের, লিড পার্টনার, সহজ লিমিটেড, Shohoz-Synesis-Vincen JV- হাউজ -৫৫/বি, রোড -২১, বনানী, ঢাকা- ১২১৩।

( মো: তৌফিক ইমাম)
উপসচিব
ফোন: ৮৮০২৪১০৫০২৪৩
admin6@mor.gov.bd

পরিশিষ্ট-ক

সভার বিষয় : পবিত্র ঈদ- উল-আযহা ২০২৩ উপলক্ষে ট্রেন পরিচালনা সংক্রান্ত অবহিতকরণ সভা

সভার সভাপতি : মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়।

সভার তারিখ, সময় ও স্থান : ২৪ মে ২০২৩, সকাল ১১:০০ টা, (সভাকক্ষ নং ৮২৫)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব | MoR | [illegible] | [signature] ২৪/৫/২০২৩ |
| ০২। | মো. ইয়াসীন<br>অতিরিক্ত সচিব | MoR | 01711691159 | [signature] ২৪/৫/২৩ |
| ০৩। | [illegible]<br>যুগ্মসচিব | MOR | — | [signature] 24/5/2023 |
| ০৪। | মো: নুরুল্লাহ প্রধান<br>অতিরিক্ত সচিব | Mo Railway | 01552306008 | [signature] 24/05/2023 |
| ০৫। | মোহাম্মদ [illegible]<br>চৌধুরী<br>অতিরিক্ত সচিব | MoR | 01711691157 | [signature] 24/5/2023 |
| ০৬। | শিরিন সাবরিনা [illegible]<br>অতি: সচিব | " | | [signature] ২৪/৫/২৩ |
| ০৭। | মো: তৌহিদুল ইসলাম<br>উপসচিব | MOR | 01711671669 | |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮। | মো: আজীম হাসান<br>উপসচিব | জননিরাপত্তা বিভাগ | 01774936253 | [signature] ২৪-৫-২৬ |
| ৯। | মো: মাহফুজুর রহমান<br>সহকারী প্রোগ্রামার | রেলপথ মন্ত্রণালয় | ap2@mor.gov.bd | [signature] |
| ১০। | Sandeep Debnath<br>Project Director | SSV JV | 01777752800 | [signature] |
| ১১। | Jubaer Hossain<br>Vice President, Business | SSV JV | 01711057773 | [signature] |
| ১২। | Allauddin Mahmud Rony<br>Director, fin-tech. | SSV - JV | 01816439678 | [signature] |
| ১৩। | Banu Ranjan Sarker<br>CSTE (Telecom) | BR | 01709999091 | [signature] |
| ১৪। | Taposh Kumar Das<br>CME/E, BR | CRB, Chattogram. | 01711506110 | [signature] |
| ১৫। | মুহাম্মদ বরকত-ই-খুদা<br>প্রধান যন্ত্র প্রকৌশলী<br>(পশ্চিম) | BR Rajshahi | 01711-506112 | [signature] |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৬. | মোঃ জহিরুল ইসলাম, CCRNB/E. | BR. | 01711506124, ccrnbe@railway.gov.bd | [signature] 28/6/23 |
| ১৭. | মোহাঃ আশরাবুল ইসলাম CCRNB/W | BR | 01711506125 ccrnbw@railway.gov.bd | [signature] |
| ১৮ | মোঃ নাহিদ হাসান খাঁন পরিচালক ট্রাফিক (বাণিজ্যিক) | বি. আর. | 01711691602 | [signature] ২৪/০৫/২০২৩ |
| ১৯ | মোঃ শওকত জামিল মোল্লা DD/TT | BR | 01711692961 | [signature] 24.05.2023 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

পরিশিষ্ট-ক

সভার বিষয় : পবিত্র ঈদ- উল-আযহা ২০২৩ উপলক্ষে ট্রেন পরিচালনা সংক্রান্ত অবহিতকরণ সভা

সভার সভাপতি : মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়।

সভার তারিখ, সময় ও স্থান : ২৪ মে ২০২৩, সকাল ১১:০০ টা, (সভাকক্ষ নং ৮২৫)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | | | | |
| ০২। | মো: কামরুল আহসান<br>মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে | | [signature] 24/05/2023 |
| ০৩। | সরদার সাহাদাত আলী<br>অতিঃ ডিজি (অপাঃ) | বা/রে | ০১৭১১৫০৪৬১০ | [signature] 24/5/23 |
| ০৪। | মো: [illegible] কামাল<br>অতি: ডিজি (অর্থ) | বা: রে: | ০১৭১৫০০০৬৬৫ | [signature] 24/5/23 |
| ০৫। | মো: জাহাঙ্গীর হোসেন<br>জিএম (পূর্ব) | [illegible] | ০১৭১১৫০৫৩০৮ | [signature] 24.5.23 |
| ০৬। | মো: মঞ্জুর-উল-আলম চৌধুরী<br>ADG/RS | BR | 01711505302 | [signature] 24/5/2023 |
| ০৭। | অসীম কুমার তালুকদার<br>মহাব্যবস্থাপক (পঃ) | BR | 01711505307 | [signature] 24/5/2023 |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮। | মো: মোরশেদ আলম অতি: ডিআইজি | রেলওয়ে পুলিশ | Morshed081965@gmail.com | 24/5/2023 |
| ৯। | মো: হাসানুজ্জামান অতি: ডিআইজি | PHQ | DDS2016@police.gov.bd | 24.5.2023 |
| ১০। | মো: আবু ইউসুফ ডিসি (অপারেশনস) | ডিএমপি | dcoperations@dmp.gov.bd | 24.05.23 |
| ১১। | আনোয়ার হোসেন পুলিশ সুপার | ঢাকা রেলওয়ে জেলা | anwarhossain 24th bcs.org gmail.com | 24.05.2023 |
| ১২। | বসুদেব কুমার অতি: এস, পি, | রুম-6, ঢাকা | basudevkumar...@...com 017777?10312 | 24-05-2023 |
| ১৩। | মোহাম্মদ নাজমুল ইসলাম প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক (পূ:) বাংলাদেশ রেলওয়ে। | চট্টগ্রাম। | ccme@railway.gov.bd | 24/5/2023 |
| ১৪। | মোহাম্মদ আহসান উল্লাহ ভূঁইয়া COPS (W) BR | রাজশাহী | copsw@railway.gov.bd | 24/05/2023 |
| ১৫। | মো: জাহিদুল ইসলাম COPS (E) BR | চট্টগ্রাম | copse@railway.gov.bd | 24.05.23 |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| 16 | Sujit Kumar Biswas<br>CCM (W) | Rajshahi | 01711-501115<br>ccmwr@gmail.com | [signature] |
| 17 | Md. Abdus Salam<br>DRM (LMH) | BR<br>LMH | 01711506136<br>salambr@gmail.com | [signature]<br>28/5/26 |
| 18. | মোহাম্মদ সফিকুর রহমান<br>ডিআরএম/ঢাকা | বাংলাদেশ রেলওয়ে<br>ঢাকা | 01711506137<br>drmdh@railway.gov.bd | [signature]<br>28/05/2[illegible] |
| 19 | শাহ সূফী নূর মোহাম্মদ<br>ডিআরএম/~~[illegible]~~ পাকশী | বাংলাদেশ রেলওয়ে<br>~~[illegible]~~ পাকশী | 01711506130<br>drmprc@railway.gov.bd | [signature]<br>28/05/26 |
| 20 | মোঃ সাফিকুর রহমান<br>DRM (CTG) | BR | 01711506138<br>drmctg@railway.gov.bd. | [signature]<br>24.05.2027 |
| 21 | Fuad Hossain Ananda<br>PS to DG | BR | 01711691633<br>pstg@railway.gov.bd | [signature] |
| 22 | Ferdous Ahammed<br>OC Dhaka Railway P.S | Dhaka Railway PS | 01320178641 | [signature] |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |